# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd

নং-বামাশিবো/প্রশা/২৩৩২৫১০১০১২২/বরিশাল-১২৩/ ২৭৭

তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪৩২ / ১১ ডিসেম্বর ২০২৫

বিষয় : অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে বরিশাল জেলার বাকেরগঞ্জ উপজেলাধীন উত্তর কাজলাকাঠি দাখিল মাদ্রাসার প্রস্তাবিত ম্যানেজিং কমিটি গঠনের ক্ষেত্রে এলাকাবাসীকে না জানিয়ে নির্বাচন বিহীন অবৈধ ও নিয়ম বর্হিভূত ম্যানেজিং কমিটি গঠন করেছেন মর্মে জনাব কামরুল ইসলাম নেওয়াজ অভিযোগ দাখিল করেছেন (কপি সংযুক্ত)। দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনায় দেখা যায়, মাদ্রাসার সুপার নিয়মিত অফিসে না আসা, এডহক কমিটির সভাপতি গত ছয় মাসের মধ্যে একদিনও মাদ্রাসায় অনুপস্থিতি, মাদ্রাসার ছাত্র ছাত্রী ও এলাকাবাসিকে না জানিয়ে কমিটি গঠন করা সংক্রান্ত বিষয় অভিযোগকারী তার অভিযোগে উল্লেখ করেন

এমতাবস্থায় অভিযোগ সংক্রান্ত সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ........ (..........) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

১১.১২.২৫

প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

জেলা প্রশাসক
বরিশাল।

নং-বামাশিবো/প্রশা/২৩৩২৫১০১০১২২/বরিশাল-১২৩/

তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪৩২ / ১১ ডিসেম্বর ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. উপজেলা নির্বাহী অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল;
২. জেলা শিক্ষা অফিসার, বরিশাল;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল;
৪. সুপার/ভারপ্রাপ্ত সুপার, উত্তর কাজলাকাঠি দাখিল মাদ্রাসা, ডাকঘর- কাজলাকাঠি, বাকেরগঞ্জ, বরিশাল;
৫. জনাব কামরুল ইসলাম নেওয়াজ (অভিযোগকারী), সাং-উত্তর কাজলাকাঠী, পো: কামারখালি, থানা-বাকেরগঞ্জ, বরিশাল;
৬. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কপি।

১১.১২.২৫

মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

তারিখ: ২৫-১০-২০২৫ ইং

বরাবর,

রেজিষ্টার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফানেজ রোড, বকশীবাজার, ঢাকা

বিষয়ঃ উচ্চতর তদন্তের জন্য আবেদন প্রসঙ্গে।

জনাব.

সবিনয় বিনীত নিবেদন এই যে, বরিশাল জেলার বাকেরগঞ্জ উপজেলাধীন উত্তর কাজলাকাঠী দাখিল মাদ্রাসার এডহক কমিটির মেয়াদ শেষ হয় ২৩-০৯-২০২৫ইং তারিখে। কিন্তু গোপনে মাদ্রাসার কোন ছাত্র ছাত্রী ও এলাকাবাসিকে না জানিয়ে নির্বাচন বিহীন অবৈধ ও নিয়ম বহির্ভূত ম্যানেজিং কমিটি গঠন করে আপনার বরাবর দাখিল করে। অবৈধ কমিটির বিরুদ্ধে আপনার বরাবর আবেদন করলে আপনি উপজেলা নির্বাহী অফিসারকে তদন্ত করার জন্য চিঠি প্রদান করেন।উপজেলা নির্বাহী অফিসার সমাজসেবা অফিসারকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করেন।সমাজসেবা অফিসার গত ১৩-১০-২৫ইং তারিখ মাদ্রাসায় যায় আমিসহ এলাকাবাসি ও ছাত্র ছাত্রীদের গার্ডিয়ান মাদ্রাসার লাইব্রেরীতে উপস্থিত হই। সমাজসেবা অফিসার বলে আমার কোন বক্তব্য আছে কিনা। আমি বললাম লিখত অভিযোগই আমার বক্তব্য। প্রতিষ্ঠানের সাবেক সভাপতি ও সাবেক মেম্বারের বক্তব্য নেয়। তারপর সুপারের সামনে দুইজন শিক্ষকের বক্তব্য নেয়। আমি সমাজসেবা স্যারকে সুপারের সামনে দুজন শিক্ষককের বক্তব্য না নেওয়ার জন্য অনুরোধ করি কারণ সুপারের আন্ডারে শিক্ষকরা চাকরি করে সরাসরি তার বিরুদ্ধে সামনাসামনি অভিযোগ করতে পারেনা। তদন্ত কর্মকর্তা যাওয়ার আগের দিন সুপার হুজুর শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের বলে অভিযোগের বিষয় সত্য কথা বললে শিক্ষকদের বেতন করবে না ও ছাত্র-ছাত্রীদের পরীক্ষায় ঝামেলা করবে। ছাত্র গার্ডিয়ানদের বক্তব্য নেওয়ার জন্য অনুরোধ করি সে আমার কথা আমলে নেয়নি এবং ছাত্র গার্ডিয়ানদের কথা শুনেনি। তদন্ত কার্যক্রম ৩০ মিনিটের মধ্যে সম্পন্ন করেন। সমাজসেবা অফিসার বলে আপনারা মিলে জান আমি বললাম সুপার হুজুর আমার ওস্তাদ ওনার সাথে আমার কোন সমস্যা নাই কিন্তু অবৈধ নির্বাচন বিহীন গোপন কমিটির বিপক্ষে আমি। সমাজসেবা অফিসারের কথাবার্তায় আমার কাছে মনে হয়েছে সুপার হুজুর ম্যানেজ করেছে।সমাজসেবা অফিসারের কাছ থেকে নিরপেক্ষ তদন্ত আশা করা যায় না বিদায় বোর্ড থেকে উচ্চতর তদন্তের জন্য অনুরোধ করছি।

অতএব জনাবের নিকট আকুল আবেদন যাহাতে নির্বাচনবিহীন নিয়ম বহির্ভূত অবৈধ ম্যানেজিং কমিটির অনুমোদন না দেওয়ার জন্য জনাবের নেক মর্জি কামনা করছি।

নিবেদক

কামরুল ইসলাম

কামরুল ইসলাম (নেওয়াজ)

সাবেক ছাত্র

উত্তর কাজলাকাঠী দাখিল মাদ্রাসা

মোবাইল নাম্বার ০১৯১২৬৫১১৬১

CamScanner